

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৭৯ ১২/ ওসিয়াত প্রসঙ্গে (کتاب الوصایا) পরিচ্ছেদঃ ১৩. যে ব্যক্তি কিছু ওয়াক্ফ করলো

# بَابُ مَا جَاءَ فِي الرَّجُلِ يُوقِفُ الْوَقْفَ

#### আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بِنُ دَاوُدَ الْمَهْرِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، أَخْبَرَنِي اللَّيْثُ، عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ صَدَقَةِ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: نَسَخَهَا لِي عَبْدُ الْحَمِيدِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرَ بْنِ الْخَطَّابِ: بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، هَذَا مَا كَتَبَ عَبْدُ اللَّهِ عُمَرُ فِي عَبْدُ اللَّهِ عُمْرُ فِي عَمْرُ مِنْ خَبْرِهِ نَحْوَ حَدِيث نَافِعٍ، قَالَ: غَيْرَ مُتَأَثِّلٍ مَالًا، فَمَا عَفَا عَنْهُ مِنْ ثَمَرِهِ فَهُو لِلسَّائِلِ وَالْمَحْرُومِ. قَالَ: وَسَاقَ الْقِصَّةَ قَالَ: وَإِنْ شَاءَ وَلِيُّ ثَمْغِ اشْتَرَى مِنْ ثَمَرِهِ مَوْدَ عَبْدُ اللَّهِ بْنُ الْأَرْقَمِ: بِسِمْ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ هَذَا رَقِيقًا لِعَمَلِهِ. وَكَتَبَ مُعَيْقِيبٌ، وَشَهِدَ عَبْدُ اللَّهِ بْنُ الْأَرْقَمِ: بِسِمْ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ هَذَا مَا أَوْصَى بِهِ عَبْدُ اللَّهِ عُمْرُ أَمِيرُ الْمُؤْمِنِينَ إِنْ حَدَثَ بِهِ حَدَثٌ أَنَّ ثَمْغًا وَصِرْمَةَ بْنِ مَا أَوْصَى بِهِ عَبْدُ اللَّهِ عُمْرُ أَمِيرُ الْمُؤْمِنِينَ إِنْ حَدَثَ بِهِ حَدَثٌ أَنَّ ثَمْغًا وَصِرْمَةَ بْنِ مَا أَوْصَى بِهِ عَبْدُ اللَّهِ عُمْرُ أَمِيرُ الْمُؤْمِنِينَ إِنْ حَدَثَ بِهِ حَدَثٌ أَنَّ ثَمْغًا وَصِرْمَةَ بْنِ الْأَكُوعِ وَالْعَبْدَ اللَّهِ عُمَرُ أَمِيرُ الْمُؤْمِنِينَ إِنْ حَدَثَ بِهِ حَدَثٌ أَنَّ ثَمْغًا وَصِرْمَةَ بْنِ مُخَوْمَةً مَا عَاشَتَ مُ لَلَّ عَلِيهِ ذُو الرَّأَي مِنْ أَلْوالِ وَالْمَحْرُومِ وَدُويِ الْقُرْبَى، وَلَا حَرَجَ عَلَى مَنْ وَلِيهُ إِنْ أَكَلَ أَوْ آلَكَلَ أَوْ الشَّرَى رَقِيقًا مِنْهُ

صحيح وجادة

#### বাংলা

২৮৭৯। ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি 'উমার ইবনুল খান্তাব (রাঃ)-এর ওয়াক্ফ দলীল সম্পর্কে বলেন, 'আব্দুল হামীদ ইবনু 'আব্দুল্লাহ ইবনু 'উমার ইবনুল খান্তার (রাঃ) আমাকে ওয়াকফ দলীলটির অনুলিপি দিয়েছেন। (তা হলোঃ) বিসমিল্লাহির রহমানির রহীম। আল্লাহর বান্দা 'উমার (রাঃ) তার 'সামাগ' নামক ফলের বাগান ওয়াকফ করেছেন- এটা তারই দলীল। অতঃপর ইয়াহইয়া ইবনু সাঈদ পুরো হাদীস



নাফি' বর্ণিত হাদীসের অনুরূপ বর্ণনা করেন। 'উমার (রাঃ) বলেন, এই ওয়াকফকৃত সম্পত্তির আয় সঞ্চয় করা যাবে না। দলীলে উল্লেখিত খাতসমূহে এ সম্পত্তির আয় খরচ করার পর কিছু উদ্ধৃত্ত থাকলে তা ভিক্ষুক এবং বিঞ্চিতদের জন্য ব্যয় করবে। অতঃপর ইয়াহইয়া সম্পূর্ণ ঘটনা বর্ণনা করেন। দলীলে এও উল্লেখ ছিলো, 'সামাগ' এর মোতাওয়াল্লী প্রয়োজনে বাগানের আয় থেকে দাস ক্রয় করতে পারবে (বাগান দেখাশুনার জন্য)।

ওয়াকফের এই দলীল মু'আইকিব (রাঃ) নাকল করেন এবং এর সাক্ষী হন 'আব্দুল্লাহ ইবনু আরকাম (রাঃ)। দলীলের অনুলিপি এরূপঃ 'বিসমিল্লাহির রহমানির রহীম। আল্লাহর বান্দা এবং মু'মিনগণের নেতা 'উমার এ ওসিয়াত করেন। তার মৃত্যুর পর সামাগের সম্পত্তি, সিরমা ইবনুল আকওয়া (বাগান) এবং এখানে কর্মরত গোলাম, খায়বারের একশো ভাগ জমি এবং সেখানে কর্মরত গোলাম এবং খায়বারের নিকটস্থ উপত্যকায় মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে যে একশো ভাগ জমি প্রদান করেছেন- এগুলোর আজীবন মোতাওয়াল্লী হবেন হাফসাহ (রাঃ)। তার মৃত্যুর পর এর মোতাওয়াল্লী হবে তার পরিবারের বিচক্ষণ ব্যক্তি। মোতাওয়াল্লী এসব শর্তগুলো মানবেঃ এ সম্পত্তি বিক্রি করা যাবে না। ক্রয় করে এর সাথে আর সম্পত্তি যোগ করা যাবে না। মোতওয়াল্লী তার বুঝ অনুযায়ী এর আয় ভিক্ষুক, বঞ্চিত এবং গরীব নিকটাত্মীয়দের জন্য ব্যয় করেন। তিনি এথেকে প্রয়োজ পরিমাণ নিতে পারবেন এবং গোলাম ক্রয় করতে পারবেন।''[1]

### **English**

Narrated Yahya b. Sa'id:

'Abd al-Hamid b. Abd 'Allah b. 'Abd Allah b. 'Umar b. al-Khattab copied to me a document about the religious endowment (waqf) made by 'Umar b. al-Khattab: In the name of Allah, the Compassionate, the Merciful. This is what Allah's servant 'Umar has written about Thamgh. He narrated the tradition like the one transmitted by Nafi'. He added: "provided he is not storing up goods (for himself)". The surplus fruit will be devoted to the beggar and the deprived. He then went on with the tradition, saying: If the man in charge of Thamgh wishes to buy a slave for his work for its fruits (by selling them), he may do so. Mu'igib penned it and 'Abd Allah b. al-Argam witnessed it: In the name of Allah, the Compassionate, the Merciful. This is what Allah's servant 'Umar, Commander of Faithful, directed, in case of some incident happens to him (i.e. he dies), that Thamg, Sirmah b. al-Akwa', the servant who is there, the hundred shares in (the land of) Khaibr, the servant who is there and the hundred sahres which Muhammad (ﷺ) had donated to me in the valley (nearly) will remain in the custody of Hafsah during her life, then the men of opinion from her family will be in charge of these (endowments), that these will neither be sold not purchased, spending (its produce) where they think (necessary on the beggar, deprived and relatives). There is no harm to the one in charge (of this endowment) if he eats himself, or feeds, or buys slaves with it.



### ফুটনোট

[1]. সহী**হ**।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন